

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

চট্টগ্রাম

মোবাইল নং- ০১৮২৪৪৭৭৬৯৩



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

(প্রেস বিজ্ঞপ্তি)

০৬ এপ্রিল ২০২৩খ্রি.

প্রধানমন্ত্রীর সহায়তায় ফ্ল্যাট পাচ্ছেন চসিকের সেবকরা

প্রধানমন্ত্রী শেখ হাসিনার দেয়া ২৩০ কোটি টাকার প্রকল্পে ফ্ল্যাট পাচ্ছেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ৮০০ সেবক পরিবার। বৃহস্পতিবার চট্টগ্রাম সিটি কর্পোরেশনের (চসিক) মেয়র (প্রতিমন্ত্রী) বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী এ প্রকল্পের আওতাধীন জামালখান ঝাউতলা সেবক কলোনির প্রথম তলার ছাদ ঢালাই পরিদর্শনে যান। ৩৩ কোটি ৮২ লক্ষ টাকা ব্যয়ে এই স্থানে ১৪ তলা বিশিষ্ট নতুন ভবনে ফ্ল্যাট পাবেন ১৫০টি সেবক পরিবার। ফ্ল্যাটগুলো কমন স্পেসসহ ৮০১ বর্গফুটের। প্রতিটি ফ্ল্যাটে থাকছে ২ টি বেডরুম, ২ টি বারান্দা, ১ টি করে লিভিং ডাইনিং, টয়লেট, শাওয়ার ও কিচেন।

মেয়র প্রধানমন্ত্রীকে ধন্যবাদ জানিয়ে বলেন, একসময় সেবকরা ছিলেন সমাজের উপেক্ষিত শ্রেণি। প্রধানমন্ত্রী সমাজের এই প্রান্তিক গোষ্ঠীর আবাসনের অধিকার প্রতিষ্ঠায় এই মহতী প্রকল্প নেয়ায় চট্টগ্রামবাসীর পক্ষ থেকে ধন্যবাদ জানাচ্ছে। উন্নয়নের সুফল যাতে সমাজের পিছিয়ে পড়া গোষ্ঠীও ভোগ করতে পারে তার জন্য প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে আমৃত্যু কাজ করে যাব।

পরিচ্ছন্ন সেবকদের জীবনমান উন্নয়নে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে নগরীর বিভিন্ন স্থানে ৫টি ভবন নির্মিত হচ্ছে। এর মধ্যে পাথরঘাটা সেবক কলোনিতে ২টি, জামাল খান ঝাউতলা সেবক কলোনিতে ১টি, ফিরিঙ্গীবাজার সেবক কলোনিতে ১টি ও সাগরিকায় ১টি। ৫ টি ভবনের ঠাই হবে ৮০০ সেবক পরিবারের।

এসময় উপস্থিত ছিলেন কাউন্সিলর শৈবাল দাশ সুমন, আনজুমান আরা, চসিকের প্রধান প্রকৌশলী রফিকুল ইসলাম, অতিরিক্ত প্রধান প্রকৌশলী মুনিরুল হুদা, তত্ত্বাবধায়ক প্রকৌশলী মো. শাহীনুল ইসলাম, নির্বাহী প্রকৌশলী ফারজানা মুক্তা, সহকারী প্রকৌশলী আসীর হামীম, উপ-সহকারী প্রকৌশলী নিজাম হোসেন রাসেল, ঠিকাদার মো. কাশেমসহ সেবক নেতৃবৃন্দ।

এছাড়া এদিন মেয়র ৭নং পশ্চিম ষোলশহর ওয়ার্ডস্থ ত্রিপুরা খাল, হাটহাজারী সড়ক সহ বিভিন্ন ছোট বড় নালা বর্তমান অবস্থা পরিদর্শন করেন।

মেয়রের ঈদ উপহার পেলেন পাঁচশ দুস্থ ব্যক্তি

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের (চসিক) মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরীর উপহার দেয়া পোষাকে ঈদ উদযাপন করবেন পাঁচশ দুস্থ ব্যক্তি।

বৃহস্পতিবার সিদ্দিক রেজওয়ানা ওয়েল ফেয়ার ফাউন্ডেশনের চেয়ারম্যান সৈয়দ মাহমুদুল হকের সহযোগিতায় এই ঈদ উপহার বিতরণ করেন চসিক মেয়র মো. রেজাউল করিম।

এসময় মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী যুবলীগের সাবেক প্রেসিডিয়াম সদস্য সৈয়দ মাহমুদুল হকের নেয়া এ মহতী উদ্যোগের প্রশংসা করে বলেন, অর্থাভাবে যাতে কারো ঈদ উদযাপন ব্যাহত না হয় তার জন্য আমাদের এ প্রয়াস। আজকের এ মহতী উদ্যোগের সাথে সংশ্লিষ্ট সৈয়দ মাহমুদুল হকসহ সকলকে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছে। সাধারণ মানুষের পাশে বিভবানদের দাঁড়ানোর সর্বশ্রেষ্ঠ সময় এ সিয়াম সাধনার মাস রমজান। আশা করি অন্যান্যও এই উদ্যোগে উৎসাহিত হয়ে অসহায় মানুষের পাশে দাঁড়াবেন।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ওয়েল ফেয়ার ফাউন্ডেশনের কো-চেয়ারম্যান সৈয়দা আমেনা সিদ্দিকা ডালিয়া। প্রধান বক্তা ছিলেন ফাউন্ডেশনের চেয়ারম্যান সৈয়দ মাহমুদুল হক। দিদারুল আলমের সঞ্চালনায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মো. সিরাজুল ইসলাম, আবদুল্লা আল ইব্রাহীম, মোহাম্মদ শাহ আলম, চেমন আরা বেগম, জেবুন নাহার, শাহ আলম, জহিরুল ইসলাম, আকবর আলী।

স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ অফিসার কাম প্রটোকল অফিসার

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০ ৪৮৮